প্রথম আলো

27 JUL 2005

### ারেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

# ভোস্টের পদত্যাগের দাবিতে ত্রীদের আন্দোলন অব্যাহত

লা কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ধানীর শেরেবাংলা নগর কৃষি ালয়ের শেখ ফজিলাতুন্নেসা মুজিব দু প্রভোস্টের পদত্যাগের দাবিতে মঙ্গলবারও বিশ্ববিদ্যালয় পরিস্থিতি ল। গতকাল দুপুরে হলের মেয়েরা প্রভোস্ট নাসিম আখতার এবং সহকারী প্রভোস্ট নাজনীন সুলতানার বিরুদ্ধে ১০টি অভিযোগ সংবলিত একটি স্মারকলিপি উপাচার্যের কাছে পেশ করেন। তারা দুই প্রভোস্টের পদত্যাগেরও দাবি জানান।

এর আগে ছাত্রীরা গত সোমবার প্রভোস্টের পদত্যাগের দাবিতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, হল প্রভোস্ট ও কর্মকর্তাসহ ছয়জনকে প্রভোস্ট কার্যালয়ে প্রায় ৪ ঘণ্টা অবরোধ করে রাখেন। চুরি ও হলের বিরাজমান সমস্যা সমাধানে ব্যর্থতার অভিযোগ এনে তারা ৪ ঘণ্টা তাদের অবরুদ্ধ করে রাখেন।

ছাত্রী ও হল সূত্র জানায়, দীর্ঘদিন ধরে ছাত্রীদের কক্ষ থেকে মোবাইল, টাকা, হাতঘড়িসহ ব্যবহার্য মূল্যবান দ্রব্য চুরি হচ্ছিল। এ ব্যাপারে হল প্রভোস্টকে বারবার অবহিত করা হলেও কার্যকর কোনো পদক্ষেপ নিতে তিনি ব্যর্থ হন।

চুরির ঘটনায় গত সোমবার সকালে এক ছাত্রীকে হাতেনাতে ধরা হয়। ছাত্রীরা হল প্রভোস্ট নাসিম আকতারকে ঘটনা জানিয়ে অভিযুক্ত ছাত্রীকে বহিষ্কারের দাবি জানান। এ সময় প্রভোস্ট সুষ্ঠু তদন্তসাপেক্ষে পদক্ষেপ নেওয়া হবে জানালে ছাত্রীরা তদন্ত ছাড়াই অভিযুক্ত ছাত্রীকে বহিষ্কারের দাবিতে অটল থাকেন।

হল প্রশাসন জানায়, ছাত্রীদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে অভিযুক্ত ছাত্রী লিজাকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।